

মাগুর ছড়া

তাকিয়েছ রক্ত চোখে, অগ্নিবাণে পোড়াবার নেশা
পথের সবুজ মাঠ জ্বলে দিয়ে ভয়ানক খুশি
দাবানল ফেরি করে বাড়ি বাড়ি ঘ্রোধের অনল
পাখিরা সন্ত্রস্ত থাকে, জ্বালামুখ খুঁজে পায় ডানা।

এখন উড়াল দেব, তাপ বাড়ছে পৃথিবীর বুকে
তের শ নদীর জলের ব-দ্বীপের অন্ধকার ম
বাণিজ্য, রপ্তানি চিন্তা, খনের মর্ষ ধর্ষকামে
বনস্থলি মৃত্যু - তীর্থ, হাহাকারে ভুবনীকরণ

সিলেটি চয়ের নেশা - সারারাত অগ্নি বিকিকিনি
চুম্বনে গরল স্পর্শ, মুহূর্তের আসঙ্গ প্রিয়তা
'ক'চামচ চিনি দেব' --- ভুলে গিয়ে আতিথ্যের প্রথা
দাউ দাউ জ্বলে ওঠে অরক্ষিত মাগুরছড়ায়
অরণ্যের মৃত্যু হয়, ঘটে যায় বোবা রক্তপাত
দাবানল ফেরি করে বঙ্গদেশে বহুজাতিকতা।

কামাল চৌধুরী

